# দ্বিতীয় অধ্যায়

# আমাদের প্রয়োজনীয় কাজ



### শিৰার্থীরা যা জানবে–

- প্রাত্যহিক জীবনের প্রয়োজনীয় ব্যক্তিগত কাজ সম্পর্কে
- নিজের কাজ নিজে করার সুবিধাসমূহ
- সুষ্ঠুভাবে নিজের কাজসমূহ করার উপায়সমূহ
- প্রাত্যহিক জীবনের আয়বহির্ভূত প্রয়োজনীয় পারিবারিক কাজ সম্পর্কে
- পরিবারের অন্যান্যদের কাজ সম্পর্কে
- পরিবারের বাইরের ব্যক্তিদের দ্বারা সম্পাদিত প্রাত্যহিক জীবনের প্রয়োজনীয় কাজের ক্ষেত্র সম্পর্কে
- বিদ্যালয়ের অভ্যন্তরের কায়িক কাজ সম্পর্কে

## অধ্যায়ের গুরবত্বপূর্ণ বিষয়গুলো সংৰেপে জেনে রাখি

- প্রতিদিন আমরা নিজের প্রয়োজনে নিজে বা অন্যের সহায়তায় যে কাজগুলো করে থাকি, সেগুলোকে আমরা প্রাত্যহিক জীবনে নিজের কাজ বলে অভিহিত করি।
- নিজের কাজ নিজে করার সুবিধাগুলো হলো–
  - ✓ সঠিক উপায়ে কাজ করা যায়।
  - ✓ কাজের চাপ তৈরি হয় না।
  - ✓ দৰতা বাড়ে ও অন্য কাজের জন্য তৈরি হওয়া যায়।
  - ✓ আত্মবিশ্বাস, আগ্রহ ও উদ্দীপনা বাড়ে।
  - ✓ অন্যের ওপর নির্ভরশীলতা কমে।
  - ✓ অর্থনৈতিকভাবে লাভবান হওয়া যায়।
- আত্মবিশ্বাস ও আগ্রহের সাথে সময়ের কাজ সময়ে করলে কাজে সফল হওয়া যায়।
- যে কাজগুলো পরিবারের সদস্যদের সকলের ৰেত্রে প্রযোজ্য বা সকলের সাথে সংশিরষ্ট, সেগুলোকে পারিবারিক কাজ বলে।

## বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ■ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. কীভাবে পরিবারের আয়ে ভূমিকা রাখা যায়?**
● কৃষিকাজ কর্মে সাহায্য করে
ⓖ মনোযোগ দিয়ে পড়াশোনা করে
ⓖ পারিবারিক গৃহস্থালি কাজে সাহায্য করে
ⓖ ভাইবোনদের যত্ন নিয়ে

**২. অন্যের প্রতি নির্ভরশীলতা বলতে বুঝায়–**
● নিজে কাজ করতে না পারা
ⓖ কাজে আগ্রহ না থাকা
ⓖ কাজে অন্যের পরামর্শ নেওয়া
ⓖ অন্যের পছন্দে কাজ করা

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
মিতা ভাইবোনদের মধ্যে বড়। তার মার অসুস্থতার কারণে তাকে কিছু কিছু কাজ করতে হয়। ছোট ভাইবোনদের গোসল করানো, তাদের পড়াশোনা দেখা, স্কুলের টিফিন ঠিক করে দেওয়া ইত্যাদি। সে খুশি মনেই কাজগুলো করে। এ কারণে বাড়ির সবাই তাকে খুব আদর করে।

**৩. অনুচ্ছেদে প্রাত্যহিক জীবনের কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে?**
ⓚ ব্যক্তিগত কাজ　ⓖ অন্যের কাজ
● পারিবারিক কাজ　ⓖ সামাজিক কাজ

**৪. মিতার এ ধরনের কাজের মাধ্যমে–**
i. বন্ধন সুদৃঢ় হয়　ii. কাজের চাপ কমে
iii. আয় বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i　● i ও ii　ⓖ ii ও iii　ⓖ i, ii ও iii

### ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** ▸▸ নিজের কাজ নিজেই করব

তন্বী খুব গোছানো স্বভাবের মেয়ে। সে প্রতিদিনের পড়া প্রতিদিন শেষ করে। সময়মতো ক্লাসের কাজ জমা দেয়। পড়া শেষে প্রতিদিন সে নিজে তার টেবিল গুছিয়ে রাখে। তার পড়ার টেবিল দেখে সবাই মুগ্ধ হয়। পরীক্ষায়ও সে সব সময় ভালো ফলাফল করে। তার ছোট ভাই অয়ন খুবই অলস। তার টেবিল গোছানো, স্কুল ব্যাগ গোছানো সবই তন্বীকে করে দিতে হয়। অয়ন নিজের খাবারটাও নিজে খেতে চায় না, মাকে খাইয়ে দিতে হয়।

ক. কাজের সফলতা কীসের উপর নির্ভর করে?
খ. প্রাত্যহিক জীবনে নিজের কাজ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।
গ. তন্বীর সফলতার ক্ষেত্রে সে কোন উপায়টি অনুসরণ করেছিল? ব্যাখ্যা কর।
ঘ. অয়নের মতো মানুষ কী ধরনের সমস্যায় পড়তে পারে বলে তুমি মনে কর? পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর।

#### ১ নং প্রশ্নের উত্তর

**ক** কাজের সফলতা নির্ভর করে ব্যক্তির নিজের কাজের ওপর।

**খ** প্রতিদিন সকালে ঘুম থেকে ওঠার পর থেকে শুরব করে রাতে ঘুমাতে যাওয়ার পূর্ব পর্যন্ত সময়ের মধ্যে আমরা সবাই কোনো না কোনো কাজ করে থাকি। প্রতিদিন আমরা নিজের প্রয়োজনে নিজে বা অন্যের সহায়তায় যে কাজগুলো করে থাকি, সেগুলোকে আমরা প্রাত্যহিক জীবনে নিজের কাজ বলে অভিহিত করতে পারি।

**গ** তন্বীর সফলতার ৰেত্রে সে নিজের কাজ নিজে করার উপায়টি অনুসরণ করেছিল।
নিজের কাজ নিজে করার মধ্যে আনন্দ আছে এবং এটা গৌরবের। যারা নিজের কাজ নিজে করে তারা জীবনে সফল হতে পারে। পৃথিবীতে বিখ্যাত মানুষরা নিজেদের কাজ নিজেরাই করতেন।
উদ্দীপকে তন্বী প্রতিদিনের পড়া প্রতিদিন শেষ করে। সময়মতো ক্লাসের কাজ জমা দেয়। পড়া শেষে প্রতিদিন সে নিজে তার টেবিল গুছিয়ে

রাখে। পরীৰায়ও সে সব সময় ভালো ফলাফল করে। অর্থাৎ নিয়ম মেনে সময়মতো প্রাত্যহিক নিজের কাজ নিজে করার ফলে এবং নিয়মিত পড়াশোনা করার কারণে সে পরীৰায় ভালো ফলাফল করে। সুতরাং, তন্বীর সফলতার ৰেত্রে নিজের কাজ নিজে করার বিষয়টি প্রধান ভূমিকা রেখেছে।

**ঘ** অয়ন খুবই অলস প্রকৃতির। সে নিজের কাজ নিজে করে না। তার টেবিল গোছানো, স্কুল ব্যাগ গোছানো সবই তার বোন তন্বী করে দেয়। এমনকি সে নিজের খাবার নিজে খেতে পারে না, তার মা তাকে খাইয়ে দেন। অর্থাৎ অয়নকে তার সব ধরনের কাজে অন্যের ওপর নির্ভর করতে হয়। এর ফলে অয়নের আত্মবিশ্বাস কমে যাচ্ছে এবং সে প্রতিনিয়ত অন্যের ওপর নির্ভরশীল হয়ে পড়ছে। তাছাড়া নিজের কাজগুলো নিজে না করায় অয়ন কাজ করার মানসিকতা একসময় হারিয়ে ফেলবে। কাজ করার দৰতা অর্জন করতে পারবে না। এতে সে শারীরিক ও মানসিকভাবে দুর্বল হয়ে পড়বে। পরবর্তীতে সে কোনো কাজ করতে পারবে না। অয়নের মতো মানুষ উপরিউক্ত সমস্যায় পড়তে পারে বলে আমি মনে করি।

## পরীক্ষা প্রস্তুতি

এ অংশে সংযোজন করা হয়েছে–সেরা স্কুলসমূহের বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর, বিষয়ক্রম অনুযায়ী মাস্টার ট্রেইনার প্রণীত বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর এবং নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর। এ অংশের সঠিক অনুশীলন শিৰার্থীদের পরীৰা প্রস্তুতিকে সম্পূর্ণ করবে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**➲ পাঠ ৩২ ও ৩৩ : প্রাত্যহিক জীবনে নিজের কিছু কাজ**

➡ বোর্ড বই, পৃষ্ঠা ২৭

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. প্রতিদিনের কাজগুলোকে কী বলে?** (জ্ঞান)
ক বার্ষিক কাজ ● প্রাত্যহিক কাজ
গ সাপ্তাহিক কাজ ঘ পাৰিক কাজ

**২. রাতের খাবার খাওয়ার পর কী করা উচিত?** [কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম]
ক পড়াশোনা খ খেলাধুলা
● দাঁত ব্রাশ ঘ বেড়াতে যাওয়া

**৩. গোসল করা কী ধরনের কাজ?** (অনুধাবন)
ক সাপ্তাহিক কাজ ● প্রাত্যহিক কাজ
গ দলীয় কাজ ঘ ব্যক্তিগত কাজ

**৪. দাঁত ব্রাশ করা উচিত কয়বার?** (জ্ঞান)
ক একবার ● দুইবার
গ তিনবার ঘ ইচ্ছামতো

**৫. খেলাধুলা করা কোন ধরনের কাজ?** (অনুধাবন)
● প্রাত্যহিক কাজ খ মাঝে–মধ্যের কাজ
গ সকালের কাজ ঘ আর্থিক কাজ

**৬. প্রাত্যহিক জীবনে আমাদের সর্বশেষ কাজ কোনটি?** (অনুধাবন)
● মশারি টাঙানো খ রাতের খাবার খাওয়া
গ বিছানা গোছানো ঘ ঘর ঝাড়ু দেওয়া

**৭. ঘুম থেকে ওঠার পর আমাদের প্রথম কী করা উচিত?** (অনুধাবন)
ক ব্রাশ করা খ মুখ–হাত ধোয়া
গ গোসল করা ● বিছানা গোছানো

**৮. কাজ না করলে কী হয়?** (অনুধাবন)
● শরীরে বিভিন্ন অসুখ দেখা দেয় খ সময় বাঁচে
গ স্বাস্থ্য ভালো থাকে ঘ ভালো পড়াশোনা করা যায়

**৯. জীবনে সফলতার জন্য কী ধরনের কাজ প্রয়োজন?** (অনুধাবন)
ক একটানা কাজ খ গোছানো কাজ
● রুটিনমাফিক কাজ ঘ এলোমেলো কাজ

#### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১০. নিজের কাজ নিজে করলে–** [কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম]
i. দৰতা বাড়ে
ii. অন্য কাজের জন্য তৈরি হওয়া যায়
iii. শরীর ও মন ভালো থাকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১১. নিজের কাজ নিজে করলে বৃদ্ধি পায়–** (অনুধাবন)
i. আত্মবিশ্বাস
ii. অসুস্থতা
iii. আগ্রহ ও উদ্দীপনা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১২. প্রাত্যহিক কাজ –** (অনুধাবন)
i. স্কুলে যাওয়া
ii. বই–খাতা গোছানো
iii. বিছানা গোছানো
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১৩. সহযোগিতামূলক কাজ হলো–** (অনুধাবন)
i. খাবার খাওয়া
ii. মাকে রান্নায় সহযোগিতা করা
iii. বিছানা গোছাতে সহযোগিতা করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
● ii ও iii ঘ i, ii ও iii

**১৪. প্রাত্যহিক জীবনের কাজ নয়—** (অনুধাবন))
i. খেলাধুলা করা
ii. কাপড় লন্ড্রিতে দেওয়া
iii. বেড়াতে যাওয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
● ii ও iii ঘ i, ii ও iii

#### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদ পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :**
রাশেদ প্রতিদিন ঘুম থেকে উঠে নিজের বিছানা গুছিয়ে, হাতমুখ ধুয়ে পড়তে বসে। এরপর সে বই–খাতা গুছিয়ে পরিপাটি হয়ে স্কুলে যায়। এছাড়া পরিবারের সদস্যদের বিভিন্ন কাজে সে সাহায্য করে থাকে।

**১৫. অনুচ্ছেদে রাশেদের কাজগুলো কোন কাজের অন্তর্ভুক্ত?** (প্রয়োগ)
● প্রাত্যহিক কাজের
খ সাপ্তাহিক কাজের
গ মাসিক কাজের
ঘ বার্ষিক কাজের

**১৬. রাশেদ যেভাবে পরিবারের সদস্যদের বিভিন্ন কাজে সাহায্য করবে–** (উচ্চতর দক্ষতা)

i. বাড়িতে ফুলের বাগান করে
ii. মাকে রান্নায় সহযোগিতা করে
iii. মাঠের কাজে বাবাকে সহযোগিতা করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
● ii ও iii ঘ i, ii ও iii

## ➲ পাঠ ৩৪ : নিজের কাজ নিজেই করব ➡ বোর্ড বই, পৃষ্ঠা ২৯

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৭. কারা নিজের কাজ নিজেরাই করতেন?** (জ্ঞান)
ক দরিদ্র ব্যক্তিরা খ ধনী ব্যক্তিরা
গ মহিলারা ● পৃথিবীর বিখ্যাত মানুষেরা

**১৮. কী করলে পরিবারের সদস্যদের ওপর কাজের চাপ পড়ে না?** (প্রয়োগ)
ক অন্যের কাজ করলে ● নিজের কাজ নিজে করলে
গ বিলাসবহুল জীবনযাপন করলে ঘ দীর্ঘ সময় ঘুমালে

**১৯. অন্যকে দিয়ে কাজ করালে কী হয়?**
[মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]
● অন্যের ওপর নির্ভরশীলতা বাড়ে খ স্বাস্থ্য ভালো থাকে
গ সঠিকভাবে কাজ করা যায় ঘ কাজে ভুল হয় না

**২০. নিজের কাজ অন্যকে দিয়ে করালে কী হয়?** (অনুধাবন)
ক দৰতা বৃদ্ধি পায় ● ভুল হওয়ার আশঙ্কা থাকে
গ আত্মবিশ্বাস বাড়ে ঘ আর্থিকভাবে লাভবান হওয়া যায়

**২১. নিজের কাজ নিজে করার সুবিধা কোনটি?** (অনুধাবন)
● আত্মবিশ্বাস বাড়ে খ সময় ব্যয় হয়
গ পড়াশোনার ক্ষতি হয় ঘ অসুখ হয়

**২২. মানবজীবনে কর্মবিমুখতার পরিণাম কী হয়?** (অনুধাবন)
ক আত্মবিশ্বাস খ উন্নতি
● বিপর্যয় আর ধ্বংস ঘ উজ্জ্বল ভবিষ্যৎ

**২৩. নিজের কাজ নিজে করার মধ্যে কী পাওয়া যায়?** (অনুধাবন)
● আনন্দ খ ভালো স্বাস্থ্য
গ ক্লান্তি ঘ শান্তি

**২৪. নিজের কাজ নিজে করলে কী বাড়ে?** (অনুধাবন)
ক পরিশ্রম ● দৰতা
গ ধৈর্য ঘ বুদ্ধি

**২৫. কাজ করলে শরীরে কী হয়?** (জ্ঞান)
ক আরাম খ কষ্ট
● ব্যায়াম ঘ রোগ

**২৬. সুমনা সব সময় নিজের কাজ নিজেই করে। সে কোন দিক দিয়ে লাভবান হবে?** (প্রয়োগ)
ক রাজনৈতিকভাবে খ সামাজিকভাবে
গ পারিবারিকভাবে ● আর্থিকভাবে

**২৭. সুজিতা যেকোনো কাজের জন্য বড় বোনের আশায় বসে থাকে। তার আচরণে কোন বৈশিষ্ট্যটি প্রকাশ পায়?** (প্রয়োগ)
ক কাজে অৰমতা খ শারীরিক প্রতিবন্ধকতা
● অন্যের ওপর নির্ভরশীলতা ঘ কাজে ক্লান্তি

**২৮. কাজের প্রতি আগ্রহ ও উদ্দীপনা বাড়ার জন্য কী করতে হবে?**
(উচ্চতর দৰতা)
ক সঠিক সময়ে কাজ করতে হবে খ অধ্যবসায়ী হতে হবে
গ সৎ সাহস থাকতে হবে ● নিজের কাজ নিজেই করতে হবে

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২৯. শরীফ ৬ষ্ঠ শ্রেণির ছাত্র। সে শারীরিক ব্যায়ামের জন্য নিজের কাজ নিজেই করে। এৰেত্রে শরীফের–** (প্রয়োগ)
i. শরীর ভালো থাকবে
ii. মন ভালো থাকবে
iii. আত্মবিশ্বাস বাড়বে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ● i, ii ও iii

**৩০. আত্মবিশ্বাস, আগ্রহ ও উদ্দীপনা বৃদ্ধির জন্য প্রযোজ্য–** (অনুধাবন)
i. কোনো কাজ বার বার করা
ii. নিজের কাজ নিজে করা
iii. নতুন কিছু তৈরি করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ● i, ii ও iii

**৩১. নিজের কাজ অন্যকে দিয়ে করালে যেসব অসুবিধা হয়–** (অনুধাবন)
i. দৰতা বৃদ্ধি পায় না
ii. কাজে ভুল হওয়ার আশঙ্কা থাকে
iii. অন্যের প্রতি নির্ভরশীলতা কমে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৩২. নিজের কাজ নিজে করা উচিত। অন্যকে দিয়ে নিজের কাজ করার ফলে–** (প্রয়োগ)
i. শরীর স্বাস্থ্য ভালো থাকে না
ii. বিষণ্ণতা এবং অবসাদ দেখা দেয়
iii. আর্থিক লাভ হয়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদ পড়ে ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও :**
নিমা তার বাবা–মা'র একমাত্র সন্তান। সে বাড়িতে তার মা ও বাবা দুজনকে তাদের কাজে সাহায্য করে। নিমা পড়াশোনায় খুব ভালো। সে পড়াশোনার ফাঁকে বাড়ির কাজ করে থাকে। সে কাজ করতে পছন্দ করে।

**৩৩. নিমার মতো পড়াশোনার ফাঁকে কাজ করা ভালো কেন?** (প্রয়োগ)
ক বিনোদনের জন্য খ বিরতির জন্য
● শরীর ভালো রাখার জন্য ঘ পড়ার চাপ বাড়ার জন্য

**৩৪. নিমার ভালো গুণাবলি প্রকাশ পায়–** (উচ্চতর দক্ষতা)
i. নিজের কাজ নিজে করার মাধ্যমে
ii. সময়ের কাজ সময়ে শেষ করার মাধ্যমে
iii. সবাই মিলেমিশে কাজ করার মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ● i, ii ও iii

## ➲ পাঠ ৩৫ : নিজের কাজ নিজেই করব ➡ বোর্ড বই, পৃষ্ঠা ৩১

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩৫. কার শাসনামলে প্রজারা সুখে–শান্তিতে দিন যাপন করত?** (জ্ঞান)
● আওরঙ্গজেব খ লৰণ সেন
গ শাহজাহান ঘ বাবর

**৩৬. আজ থেকে প্রায় কত বছর আগে আওরঙ্গজেব বাদশাহ ছিলেন?** (জ্ঞান)
ক দুইশত খ তিনশত
গ চারশত ● পাঁচশত

**৩৭. ঘোড়া কোথায় থাকে?** (জ্ঞান)
ক গোয়াল ঘরে ● আস্তাবলে
গ বাগানে ঘ বাজারে

**৩৮. আওরঙ্গজেব কে ছিলেন?** [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]
● মোগল সম্রাট খ পাল রাজা
গ জমিদার ঘ সেন রাজা

**৩৯. কোন বাদশা নিজের কাজ নিজে করতেন?** (জ্ঞান)
● সম্রাট আওরঙ্গজেব ⓚ সম্রাট বাবর
ⓖ সম্রাট আকবর ⓘ সম্রাট হুমায়ুন

**৪০. কোন শাসক নিজের জামা নিজেই সেলাই করে পরতেন?**
[মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]
ⓚ সম্রাট বাবর ⓚ সম্রাট জাহাঙ্গীর
● সম্রাট আওরঙ্গজেব ⓘ সম্রাট হুমায়ুন

**৪১. সম্রাট আওরঙ্গজেব কেমন শাসক ছিলেন?** (জ্ঞান)
● মহৎপ্রাণ ⓚ অত্যাচারী
ⓖ দুঃশাসক ⓘ নিষ্ঠুর

**৪২. সম্রাট আওরঙ্গজেবের জীবনী থেকে আমরা কী শিক্ষা পাই?** (উচ্চতর দক্ষতা)
ⓚ অন্যের উপর নির্ভর করতে
● নিজের কাজ নিজে করতে
ⓖ বিলাসবহুল জীবনযাপন করতে
ⓘ রাজ্য পরিচালনায় কঠোর হতে

**৪৩. রাজপরিবারে অনেক চাকর–বাকর থাকা সত্ত্বেও আওরঙ্গজেব নিজ হাতে নিজের কাজ করতেন কেন?** (অনুধাবন)
● আত্মবিশ্বাস বাড়ানোর জন্য
ⓚ বাহবা কুড়ানোর জন্য
ⓖ রাজনৈতিক স্বার্থের জন্য
ⓘ সম্মান রক্ষার জন্য

**৪৪. কোনো কাজে অন্যের ওপর নির্ভর করলে কী নষ্ট হয়?** (অনুধাবন)
ⓚ মর্যাদা ● স্বাধীনতা
ⓖ আত্মবিশ্বাস ⓘ নৈতিকতা

**৪৫. কাজে সফল হওয়া যায় কোনটি করলে?** (উচ্চতর দক্ষতা)
ⓚ অভিজ্ঞ ব্যক্তিকে দিয়ে কাজ করালে
● সময়ের কাজ সময়ে করলে
ⓖ কাজ বাছাই করে নিলে
ⓘ তালিকা করে কাজ করলে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪৬. সম্রাট আওরঙ্গজেব বিখ্যাত ছিলেন–** [খুলনা জিলা স্কুল]
i. উদার মানসিকতার জন্য
ii. প্রজার প্রতি অনুরাগের জন্য
iii. ন্যায়বিচারের জন্য
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ● i, ii ও iii

**৪৭. পৃথিবীতে বিখ্যাত মানুষেরা–** (অনুধাবন)
i. নিজের কাজ নিজেরাই করতেন
ii. সময়কে মূল্য দিতেন
iii. আত্মবিশ্বাসী ও উৎসাহী ছিলেন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদ পড়ে ৪৮ ও ৪৯ নং প্রশ্নের উত্তর দাও :**
পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উর্ধ্বতন কর্মকর্তা দাপ্তরিক কাজে মন্ত্রীর বাসায় গেলে দেখতে পান মন্ত্রী নিজে তার জুতা পরিষ্কার করে পায়ে দিচ্ছেন।

**৪৮. অনুচ্ছেদের মন্ত্রীর কর্মকাণ্ডে কোনটি প্রকাশ পায়?** (প্রয়োগ)
● আত্মনির্ভরশীলতা ⓚ কর্মবিমুখতা
ⓖ পরনির্ভরশীলতা ⓘ দক্ষতা

**৪৯. মন্ত্রীর কাছ থেকে আমাদের শিক্ষণীয়–** (উচ্চতর দক্ষতা)
i. নিজেদের কাজ নিজেরাই করব
ii. কোনো কাজকে ছোট মনে করব না
iii. উদার মানসিকতা অর্জনের চেষ্টা করব
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## ➲ পাঠ ৩৬ : কাজে সফল হব ➟ বোর্ড বই, পৃষ্ঠা ৩৩

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫০. কী করলে যেকোনো কাজে সফল হওয়া যায়?** (অনুধাবন)
ⓚ নিজের ইচ্ছামতো করলে ⓚ অন্যকে দিয়ে করালে
● কিছু উপায় অনুসরণ করলে ⓘ বাবা–মায়ের সাহায্য নিলে

**৫১. ধাপে ধাপে কাজ করলে কী হয়?** (অনুধাবন)
ⓚ অনেক বেশি সময় লাগে ● কাজ দ্রুত করা সম্ভব হয়
ⓖ ভুল বেশি হয় ⓘ একই কাজ বারবার করতে হয়

**৫২. কাজ করার উপায় জানতে কাদের পরামর্শ নেওয়া উচিত?** (জ্ঞান)
ⓚ সহপাঠীদের ● বড়দের
ⓖ খেলার সাথিদের ⓘ ছোট ভাইবোনের

**৫৩. একবার কোনো কাজ শেষ না করতে পারলে কী করতে হবে?** (অনুধাবন)
ⓚ হতাশা প্রকাশ করতে হবে
● আবার করার চেষ্টা করতে হবে
ⓖ কাজটি পুনরায় আর করা যাবে না
ⓘ অন্যকে দিয়ে কাজটি করাতে হবে

**৫৪. কাজে সফলতা আসে কীভাবে?** (অনুধাবন)
● নিয়ম মেনে কাজ করলে
ⓚ সব কাজ একাই করলে
ⓖ কাজ দীর্ঘ সময় ধরে করলে
ⓘ কাজে ফাঁকি দিলে

**৫৫. কাজ করার সময় বড়দের পরামর্শ নেওয়ার উদ্দেশ্য কোনটি?** (উচ্চতর দক্ষতা)
ⓚ কাজ ভালো করে করা
● কাজ ঠিকমতো হচ্ছে কিনা জানা
ⓖ কাজের মান পরীক্ষা করা
ⓘ অভিজ্ঞতা অর্জন করা

**৫৬. কাজের ক্ষেত্রে মনের জোর কমে–** (অনুধাবন)
● হতাশাগ্রস্ত হলে ⓚ চেষ্টায় বাধা পড়লে
ⓖ ইচ্ছা পূর্ণ হলে ⓘ প্রচেষ্টা ব্যর্থ হলে

**৫৭. যেকোনো প্রকার কাজে কী নেই?** (জ্ঞান)
● লজ্জা ⓚ সম্মান
ⓖ গৌরব ⓘ পুরস্কার

**৫৮. কাজ করার সময় কী মনে করা যাবে না?** (জ্ঞান)
ⓚ আমি জিতে গেছি ⓚ চেষ্টায় ঘাটতি আছে
● আমি ব্যর্থ হয়ে গেছি ⓘ আগামী দিনে কাজটি করব

**৫৯. আত্মবিশ্বাস ও আগ্রহের সাথে কাজ করলে কী হয়?** (অনুধাবন)
● সফল হওয়া যায় ⓚ দুঃখ বাড়ে
ⓖ ক্ষতি হয় ⓘ আনন্দ হয়

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬০. কোনো কাজে সহজেই সফলতা আনয়নের জন্য প্রয়োজন–** (অনুধাবন)
i. নিয়ম মেনে কাজ করা
ii. অন্যকে দিয়ে কাজ করানো
iii. মনোযোগসহ কাজ করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৬১. যেকোনো কাজে সফলতা আসে–** (অনুধাবন)
i. বড়দের পরামর্শ মেনে নিলে
ii. দলগতভাবে কাজটি করলে

iii. হতাশ না হলে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　● i, ii ও iii

**৬২. সাবিনা একটি কাজ করে ব্যর্থ হয়েছে। কাজে সফলতা লাভ করতে তার করণীয়–** (প্রয়োগ)
i. কাজটি বারবার করার চেষ্টা করা
ii. কোনো ধরনের সংশয়কে মনে স্থান না দেওয়া
iii. সঠিক নিয়ম জেনে কাজটি করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　● i, ii ও iii

**৬৩. কাজ করতে গিয়ে সংশয়কে স্থান দিলে–** (অনুধাবন)
i. পারস্পরিক সহযোগিতা পাওয়া যায় না
ii. মনের জোর কমে যায়
iii. কাজে সফল হওয়া যায় না
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　● ii ও iii　ঘ i, ii ও iii

**৬৪. রবেবল যেকোনো কাজকে কয়েকটি ধাপে ভাগ করে নেয়। এতে তার কাজটিতে–** (প্রয়োগ)
i. পদ্ধতিগত ত্রবটি বিদ্যমান থাকে
ii. ভুল হওয়ার সম্ভাবনা কম থাকে
iii. সময় কম লাগে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　● ii ও iii　ঘ i, ii ও iii

**৬৫. আজকের কাজ পরে করবো এমন চিন্তা করলে –** (প্রয়োগ)
i. কাজ জমে যাবে
ii. কাজে সফল হওয়া যাবে
iii. কাজ ভুল হবার সম্ভাবনা থাকবে
**নিচের কোন টি সঠিক?**
ক i ও ii　● i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

**৬৬. অন্যকে দিয়ে কোনো কাজ করানো হলে–** (অনুধাবন)
i. কাজটি পছন্দ হবে বেশি
ii. কাজটি দুই তিনবার করতে হতে পারে
iii. কাজটি নষ্ট হবার সম্ভাবনা থাকে
**নিচের কোন টি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　● ii ও iii　ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৬৭ ও ৬৮ নং প্রশ্নের উত্তর দাও :**
লিনা ৬ষ্ঠ শ্রেণির ছাত্রী। সে যেকোনো কাজ আত্মবিশ্বাস ও আগ্রহের সাথে করে। তাছাড়া সে অন্যদের দিয়ে কাজ না করিয়ে বড়দের পরামর্শে নিজেই করে থাকে।

**৬৭. উদ্দীপকে বর্ণিত লিনার মতো কাজ করলে কী হবে?** (প্রয়োগ)
● কাজে সফলতা আসবে　খ কাজে ব্যর্থ হবে
গ কাজে সময় বেশি লাগবে　ঘ শরীর খারাপ হবে

**৬৮. লিনা যদি অন্যকে দিয়ে কাজ না করায় তবে–** (উচ্চতর দৰতা)
i. কাজটি সঠিকভাবে করা যাবে　ii. কোনো অর্থ খরচ হবে না
iii. অনেক বেশি সময় লাগবে
**নিচের কোন টি সঠিক?**
● i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

## ➲ পাঠ ৩৭ ও ৩৮ : প্রাত্যহিক জীবনে পারিবারিক কাজ

➠ বোর্ড বই, পৃষ্ঠা ৩৫

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬৯. আদিম যুগে যখন পরিবার ছিল না তখন মানুষ কীভাবে বাস করত?**
[সরকারি পি এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী]
● বিচ্ছিন্নভাবে　খ সংঘবদ্ধভাবে
গ গোষ্ঠীভুক্ত হয়ে　ঘ এককভাবে

**৭০. পরিবারের কাজগুলো সাধারণত কারা করে থাকেন?** (জ্ঞান)
● পরিবারের বড়রা　খ পরিবারের ছোটরা
গ দাদা–দাদি　ঘ মা–বাবা

**৭১. পারিবারিক কাজ কোনটি?** (অনুধাবন)
ক ঘর রং করা　● গবাদিপশু পালনে সহায়তা করা
গ পোস্টার তৈরি করা　ঘ চিঠি লেখা

**৭২. যে কাজগুলো পরিবারের সদস্যদের সকলের জন্য প্রযোজ্য, সেগুলোকে কী বলে?** [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]
● পারিবারিক কাজ　খ প্রাত্যহিক জীবনে নিজের কাজ
গ সামাজিক কাজ　ঘ পরিবারে বড়দের কাজ

**৭৩. বর্তমানে মানুষ কোথায় বাস করে?** (জ্ঞান)
ক জঙ্গলে　● পরিবারে
গ পাহাড়ে　ঘ গোত্রে

**৭৪. পরিবারের ধারণার জন্ম হয় কখন?** (জ্ঞান)
ক আগুন আবিষ্কারের পর　খ চাকা আবিষ্কারের পর
গ চাষাবাদ শুরবর পর　● মানুষ সভ্য হওয়ার পর

**৭৫. রাজিয়া পারিবারিক কাজে মাকে সাহায্য করে। সে কোন কাজটি করে?** (প্রয়োগ)
● রান্নায় সাহায্য করা　খ নিয়মিত পড়ালেখা করা
গ নিয়মিত ব্যায়াম করা　ঘ মায়ের সেবা করা

**৭৬. হাশেম লেখাপড়ার পাশাপাশি অবসরে পরিবারকে আর্থিকভাবে সাহায্য করতে চায়। সে কোন কাজটি করতে পারে?** (প্রয়োগ)
ক বাজার করা　খ কাপড় ধোয়া
গ ঝুল পরিষ্কার করা　● গবাদিপশু পালন

**৭৭. পরিবারের আয়ে অবদান রাখা যায় কোন কাজে সাহায্য করে?** (অনুধাবন)
ক রান্নায়　● চাষাবাদে
গ কাপড় ধোয়ায়　ঘ ঘর পরিষ্কারে

**৭৮. পরিবারের সকল সদস্যের জন্য প্রযোজ্য কাজকে কী বলে?** (জ্ঞান)
ক অভ্যন্তরীণ কাজ　খ বাহ্যিক কাজ
গ আবশ্যিক কাজ　● পারিবারিক কাজ

**৭৯. নিচের কোন কাজটি পরিবারের বাইরের সদস্যরা করেন?** (অনুধাবন)
● বাসা রং করা　খ রান্না করা
গ ঘর সাজানো　ঘ আসবাবপত্র মোছা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮০. পারিবারিক কাজ হলো–** (অনুধাবন)
i. বাজার করা
ii. খাবার টেবিল গোছানো
iii. রান্না করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　● i, ii ও iii

**৮১. পরিবারের সব সদস্যই কাজ করে থাকেন–** (অনুধাবন)
i. বয়স অনুযায়ী
ii. নিজের ৰমতা অনুযায়ী
iii. দৰতা অনুযায়ী
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　● i, ii ও iii

**৮২. পারিবারিক কাজে আমরা ভূমিকা রাখতে পারি–** (অনুধাবন)
i. মাকে রান্নায় সহযোগিতা করে
ii. প্রতিবেশীর বিপদে সাহায্য করে
iii. ছোট ভাইবোনদের খেয়াল রেখে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　● i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

**৮৩. আদিম যুগে ছিল না–** (অনুধাবন)
i. সংসারের ধারণা

ii. অবিচ্ছেদ্য জীবনযাত্রা
iii. আত্মীয়তার ধারণা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৮৪. লায়লা নিয়মিত মায়ের সাথে পারিবারিক কাজ করছে। এতে করে–** (প্রয়োগ)
i. প্রাত্যহিক পারিবারিক চাপ কমছে
ii. লায়লার মানসিক দৰতা বাড়ছে
iii. সামাজিক উন্নয়ন সাধিত হচ্ছে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদ পড়ে ৮৫ ও ৮৬ নং প্রশ্নের উত্তর দাও :**
রৰমা বাড়িতে মাকে রান্নার কাজে সহায়তা করে। সম্প্রতি স্কুলের একটি অ্যাসাইনমেন্ট সে নিজে কম্পিউটারে কম্পোজ করে জমা দেয়।

**৮৫. রৰমার মাকে সাহায্য করা কোন ধরনের কাজ?** (প্রয়োগ)
ক অর্থনৈতিক কাজ ● পারিবারিক কাজ
গ মানসিক কাজ ঘ সাধারণ কাজ

**৮৬. রৰমা নিজে নিজে কম্পিউটারে তার অ্যাসাইনমেন্ট কম্পোজ করায়–** (উচ্চতর দক্ষতা)
i. আর্থিকভাবে লাভবান হয়েছে
ii. নির্ভুলভাবে কাজটি করতে পেরেছে
iii. আর্থিকভাবে ৰতিগ্রস্ত হয়েছে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**➲ পাঠ ৩৯-৪২ : প্রাত্যহিক জীবনের সব কাজই কি পরিবারের সদস্যরা করেন?** ➡ বোর্ড বই, পৃষ্ঠা ৩৭

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮৭. কোন কাজে পরিবারের আয় হতে পারে?** (জ্ঞান)
ক বই পড়া খ ঘুমানো
● গবাদি পশুপালন ঘ বেড়াতে যাওয়া

**৮৮. কখন মানুষ বিচ্ছিন্নভাবে জীবনযাপন করত?** (জ্ঞান)
ক মধ্য যুগে ● আদিম যুগে
গ রেনেসাঁ যুগে ঘ প্রাক শিল্প যুগে

**৮৯. সব পরিবারের আয়ের উৎস–** (জ্ঞান)
ক একরকম ● একরকম নয়
গ চাকরি করা ঘ ব্যবসায় করা

**৯০. কোন কাজটি পরিবারের বাইরে অন্য লোক করেন?** (জ্ঞান)
ক ঘরদোর গুছিয়ে রাখা খ রান্না করা
গ বাজার করা ● ফ্রিজ ঠিক করা

**৯১. কখন মানুষের মধ্যে পারিবারিক সম্পর্ক বা আত্মীয়তার ধারণা অনুপস্থিত ছিল?** (জ্ঞান)
● আদিম যুগে খ প্রাক শিল্প যুগে
গ মধ্য যুগে ঘ রেনেসাঁ যুগে

**৯২. বিদ্যালয়ের বিভিন্ন কায়িক শ্রমে নিয়োজিত থাকেন কে?** (জ্ঞান)
ক প্রধান শিৰক ● দপ্তরি
গ ডাক্তার ঘ শ্রেণিশিৰক

**৯৩. মানুষ যখন সভ্য হতে শুরব করল তখন কীসের ধারণার জন্ম হয়?** (জ্ঞান)
ক সমাজের ● পরিবারের
গ আলাদাভাবে বসবাসের ঘ রাষ্ট্রের

**৯৪. যে কাজগুলো পরিবারের সদস্যদের সকলের ৰেত্রে প্রযোজ্য সেগুলোকে কোন কাজ বলে?** (জ্ঞান)
● পারিবারিক খ ব্যক্তিগত
গ সামাজিক ঘ রাষ্ট্রীয়

**৯৫. পরিবারের জন্য আয় করেন কে?** (জ্ঞান)
ক বৃদ্ধ দাদা খ প্রতিবন্ধী সদস্য
● মা–বাবা ঘ বয়সে ছোট সদস্য

**৯৬. বিদ্যালয়ের সুষ্ঠু পরিচালনায় কোনটি গুরবত্বপূর্ণ?** (প্রয়োগ)
● কায়িক শ্রম খ স্বাস্থ্যসেবা
গ পাঠ্যবই ঘ সম্পত্তি

**৯৭. বিদ্যালয়ের অভ্যন্তরীণ কায়িক শ্রমে কারা যুক্ত?** (উচ্চতর দৰতা)
● দারোয়ান খ ডাক্তার
গ শিৰক ঘ আইনজীবী

**৯৮. বিদ্যালয়ে সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কাদের কায়িক শ্রম অত্যন্ত গুরবত্বপূর্ণ?** (জ্ঞান)
ক ছাত্রছাত্রীদের খ অভিভাবকদের
● দপ্তরিদের ঘ শিৰকদের

**৯৯. রাস্তাঘাট পরিষ্কার করা কার কাজ?** (জ্ঞান)
ক পিয়নের কাজ খ মালীর কাজ
গ দারোয়ানের কাজ ● ঝাড়ুদারের কাজ

**১০০. দারোয়ানের কাজ কী?** (জ্ঞান)
● গেট পাহারা দেওয়া খ খাবার বিতরণ করা
গ ঘণ্টা বাজানো ঘ বিল পরিশোধ করা

**১০১. স্কুলে নির্দিষ্ট সময়ে ঘণ্টা বাজায় কে?** (জ্ঞান)
ক পিয়ন খ দারোয়ান
● দপ্তরি ঘ মালী

**১০২. নিচের কোন কাজটির মাধ্যমে তুমিও আয় করতে পারবে?** (অনুধাবন)
● গবাদিপশু পালন খ রান্না করা
গ পড়াশোনা করা ঘ বাজার করা

**১০৩. মায়েদের আয়ের উৎস কোনটি?** (প্রয়োগ)
● হাঁস–মুরগি ও গবাদিপশু পালন খ রান্না করা
গ বাজার করা ঘ ঘরবাড়ি পরিষ্কার করা

**১০৪. নিচের কোন বৈশিষ্ট্যটি একজন ইলেকট্রিশিয়ানের?** (অনুধাবন)
ক রাস্তা পরিষ্কার করা খ বাড়ি রং করা
গ কৃষিকাজ করা ● ফ্রিজ ও টেলিভিশন মেরামত করা

**১০৫. নিচের কোনটি সুষ্ঠুভাবে কাজ করার ওপর নির্ভর করে?** (অনুধাবন)
ক প্রশংসা খ আনন্দ
গ অভিজ্ঞতা ● কাজের সফলতা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১০৬. মায়েদের যেসব কাজের মাধ্যমে পরিবারের আয় হয়ে থাকে–** (অনুধাবন)
i. বাজার করা ii. হাঁস–মুরগি পালন
iii. গবাদিপশু পালন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

**১০৭. পরিবারের বাইরে যে সকল কাজ অন্য লোকেরা করেন–** (অনুধাবন)
i. ঘর গুছিয়ে রাখা
ii. টেলিভিশন নষ্ট হলে মেরামত করা
iii. পথঘাট পরিষ্কার করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

**১০৮. পরিবারে আয়ের সাথে যুক্ত থাকতে পারেন–** (অনুধাবন)
i. বাবা ii. মা
iii. শিৰক
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১০৯. বিদ্যালয়ের কায়িক কাজে অংশ নিলে–** (অনুধাবন)
i. বিদ্যালয়ের পরিবেশ ভালো হবে
ii. লেখাপড়ার মান ভালো হবে

iii. অসুস্থ হবে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১১০. বিদ্যালয়ের অভ্যন্তরীণ শ্রমিক–** (অনুধাবন)

i. মালী ii. ঝাড়ুদার

iii. পিয়ন

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১১১. মায়েদের কাজ–** (প্রয়োগ)

i. রান্না করা

ii. বাচ্চার যত্ন নেওয়া

iii. রাস্তা ঝাড়ু দেওয়া

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১১২. লেখাপড়ার পাশাপাশি অবসরে পরিবারের আয়ে আমরা ভূমিকা রাখতে পারি–** (প্রয়োগ)

i. চাষাবাদ ও ব্যবসায় সহযোগিতা করে

ii. গবাদিপশু পালনে সহযোগিতা করে

iii. বড়দের মাঠের কাজে সহযোগিতা করে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১১৩. পরিবারে আয় করতে পারে না–** (উচ্চতর দৰতা)

i. বৃদ্ধ

ii. ছোট ছেলেমেয়ে

iii. প্রতিবন্ধী

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১১৪. একজন গৃহিণী মা–** (অনুধাবন)

i. সন্তান লালন পালন করেন

ii. হাঁস-মুরগি পালন করেন

iii. কৃষিকাজে সহায়তা করেন

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১১৫. কায়িক শ্রমের আওতাভুক্ত হলো–** (অনুধাবন)

i. শ্রেণিকক্ষ ঝাড়ু দেওয়া

ii. ফুলগাছে পানি দেওয়া

iii. টেলিভিশন দেখা

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

# সৃজনশীল প্রশ্ন ও উত্তর

## ■ মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** কাজে সফল হব

সাকিব যেকোনো কাজ করার আগে প্রথমে সেটিকে কয়েকটি ভাগে ভাগ করে নেয়। সে নিজের কাজ নিজেই করতে পছন্দ করে এবং প্রয়োজনে বড়দের পরামর্শ নিয়ে থাকে।

ক. কোনটি করলে কাজ করার দৰতা বাড়ে? ১

খ. নিজের কাজ নিজে করলে কীভাবে স্বাস্থ্য ঠিক থাকে? ২

গ. সাকিবের কাজে সফল হওয়ার যে উপায়গুলো ফুটে উঠেছে সেগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উলিৰখিত উপায়গুলো ব্যতীত সফলতার আরও উপায় থাকলে তা বিশেৰষণ কর। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** নিজের কাজ নিজে করলে কাজ করার দৰতা বাড়ে।

**খ** মানুষ যত কাজের মধ্য থাকে তার শরীর তত ভালো থাকে। নিজের কাজ নিজে করলে শরীর ও মন ভালো থাকে। কাজ করলে শরীরের ব্যায়াম হয়। এর ফলে শরীর ভালো থাকে এবং শরীর ভালো থাকলে মনও ভালো থাকে। অর্থাৎ নিজের কাজ নিজে করলে স্বাস্থ্য ঠিক থাকে।

**গ** উদ্দীপকে সাকিব যেকোনো কাজ করার আগে প্রথমে কাজটি কয়েকটি ভাগে ভাগ করে নেয়। নিজের কাজ নিজেই করে এবং প্রয়োজনে বড়দের পরামর্শ নিয়ে থাকে। এৰেত্রে সফল হওয়ার পিছনে যে উপায়গুলো ফুটে উঠেছে তা নিচে ব্যাখ্যা করা হলো–

১. **ধাপে ধাপে কাজ করা :** যেকোনো কাজ ধাপে ধাপে ভাগ করে করলে কাজে ভুল হওয়ার সম্ভাবনা কম থাকে। কাজটি দ্রবত শেষ করা সম্ভব হয়।

২. **অন্যকে দিয়ে না করানো :** অন্যকে দিয়ে কাজ করালে সেটি পছন্দ নাও হতে পারে। তাই নিজের কাজ নিজের করাই ভালো।

৩. **বড়দের পরামর্শ নেওয়া :** কাজ করার সঠিক ও সহজ উপায় জানতে বড়দের পরামর্শ নেওয়া উচিত।

**ঘ** উলিৰখিত উপায়গুলো ছাড়াও কাজে সফলতা অর্জনের আরও কয়েকটি উপায় নিচে বিশেৰষণ করা হলো–

১. আত্মবিশ্বাস ও আগ্রহের সাথে কাজ করা। এতে যেকোনো কাজ অনেক সহজ হয়ে যাবে।

২. সময়ের কাজ সময়ে করতে হবে তা না হলে পরে সব কাজ একসাথে করতে গিয়ে কাজে ভুল হবে ও সফল হওয়া যাবে না।

৩. যে কাজই করা হোক না কেন তাতে লজ্জা করা যাবে না। দৃঢ় সিদ্ধান্ত নিয়ে কাজ করতে হবে।

৪. নতুন ও জটিল কাজের ৰেত্রে ঐ কাজে অভিজ্ঞ ব্যক্তিদের পরামর্শ নিলে সহজেই সফলতা লাভ করা যায়।

৫. কিছু কাজ আছে যা এককভাবে না করে পারস্পরিক সহযোগিতার মনোভাব নিয়ে দলগতভাবে করলে কাজটি ভালোভাবে সম্পন্ন হবে।

৬. একবারে কোনো কাজ শেষ না করতে পারলে কাজটি আবার সবার চেষ্টায় করতে হবে। কোনো ধরনের হতাশা বা সংশয়কে মনে স্থান দেওয়া যাবে না। এতে মনের জোর কমে যায়, কাজে সফল হওয়া যায় না।

**প্রশ্ন– ২** নিজের কাজ নিজেই করব

রিপার মা এখনও তাকে প্রায় সময়ই খাইয়ে দেন। পোশাক আশাকের বিষয়েও সে উদাসীন। নিজের কাপড় নিজে পরিষ্কার বা ইস্ত্রি করতে তার একমদম ইচ্ছে করে না। এ কারণে তাকে দেখতে ভালো লাগে না ও কেউ পছন্দ করে না। [মুরাদনগর ডি আর সরকারি উচ্চ বিদ্যালয়, কুমিলৱা]

ক. নির্ভরশীলতা কী? ১

খ. নিজের কাজ বলতে কী বোঝায়? ২

গ. রিপা কীভাবে তার আচরণগত ত্রবটিগুলো কাটিয়ে উঠতে পারে? ৩

ঘ. রিপার আচরণের ফলাফল বিশেরষণ কর। ৪

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** নিজের কাজ অন্যকে দিয়ে করানোই হলো নির্ভরশীলতা।

**খ** প্রতিদিন নিজের প্রয়োজনে নিজে যে কাজগুলো করে থাকি, সেগুলোকে নিজের কাজ বলে। নিজের কাপড় নিজে পরিষ্কার করা, নিজের খাবার নিজে খাওয়া, স্কুলব্যাগ গোছানো ইত্যাদি হলো নিজের কাজ।

**গ** রিপা নিজের কোনো কাজ নিজে করতে পারে না। সব সময়ই মা তার কাজে সাহায্য করে। পোশাক আশাকের বিষয়েও সে উদাসীন। এ আচরণগত ত্রবটিগুলো কাটিয়ে ওঠা সম্ভব নিজের কাজ নিজে করলে। কারণ অন্যকে দিয়ে কাজ করালে নির্ভরশীলতা বাড়ে। প্রয়োজনীয় সময় যদি কাজ শেষ না হয় তখন বসে থাকা ছাড়া আর কোনো উপায় থাকে না। অথচ যদি নিজের কাজ নিজে করা হয় তাহলে কারো ওপর নির্ভরশীল হতে হয় না। কাজ করলে দৰতা বাড়ে এবং অন্য কাজের জন্য তৈরি হওয়া যায়। নিজের কাজ নিজে করলে আগের চেয়ে অনেক কম সময়ে কাজ শেষ করা সম্ভব আবার অন্য কাজের প্রতি মনোযোগ দেওয়া সম্ভব। রিপা মায়ের ওপর নির্ভরশীল হওয়ার কারণে কাজের চাপ তৈরি হয়। অতএব বলা যায় যে, রিপা উলিরখিত কাজের চর্চা করলে আচরণগত ত্রবটিগুলো কাটিয়ে উঠতে পারবে।

**ঘ** দৈনন্দিন জীবনে প্রত্যেকেরই এমন অনেক কাজ আছে, যা নিজেকেই করতে হয়। রিপা মায়ের প্রতি নির্ভরশীল হওয়ায় কোনো কাজই করতে পারে না। তাকে খাবার পর্যন্ত মা খাইয়ে দেন। রিপা নিজের কাজ নিজে না করার ফলে কাজের চাপ তৈরি হয়। অন্যকে দিয়ে কাজ করালে নির্ভরশীল হয়ে পড়ার সম্ভবনা থাকে যা রিপার মধ্যে লৰ করা গেছে। কোনো কাজ না করার ফলে আত্মবিশ্বাস, আগ্রহ ও উদ্দীপনা না বেড়ে বরং কমে। তাই তো সে উদাসীন থাকে। কাজ না করার জন্য তার শরীর ও মন কোনোটাই ভালো থাকে না। যেহেতু রিপা কোনো কাজই করে না তাই সে কোনো কাজেই দৰ নয়। দৰ নয় বলে কম সময়ে সুন্দরভাবে কাজ করতে পারা এবং অন্য কাজের প্রতি মনোযোগ দিতে পারার গুণটিও তার মধ্যে নেই। আর এসব কারণেই তাকে দেখতে ভালো লাগে না ও কেউ পছন্দ করে না।

**প্রশ্ন– ৩** প্রাত্যহিক জীবনে পারিবারিক কাজ

মামুন ৬ষ্ঠ শ্রেণির ছাত্র। তার মা বাড়িতে রান্নাবান্না, ঘর গোছানোসহ আরও নানা কাজ করেন। তার বাবা বাজার করা, ছুটির দিনে মাকে সাহায্য করা ছাড়াও বিভিন্ন কাজ করেন।

ক. আওরঙ্গজেব কে ছিলেন? ১
খ. পারিবারিক আয়ের উৎস সম্পর্কে লেখ। ২
গ. অনুচ্ছেদে উলিরখিত মামুনের মা–বাবার কাজগুলো কোন কাজের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. অনুচ্ছেদে উলিরখিত কাজে মামুনের ভূমিকা কী হতে পারে? বিশেরষণ কর। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** আওরঙ্গজেব ছিলেন মোগল সম্রাট।

**খ** আয় করার জন্য কেউ অফিসে কাজ করেন, কেউ ব্যবসা করেন, কেউ মাঠে কাজ করেন কিংবা কেউ শিৰকতা করেন। অনেক মায়েরা সরাসরি চাকরি বা ব্যবসা না করে ঘরে ও বাইরে বিভিন্ন ধরনের পারিবারিক কাজ করে থাকেন। এতেও পরিবারের আয় হয়।

**গ** অনুচ্ছেদে মামুনের মা বাড়িতে রান্নাবান্না, ঘরগোছানোসহ নানারকম কাজ করেন। তার বাবা বাজার করা, ছুটির দিনে মাকে সাহায্য করা ছাড়াও বিভিন্ন কাজ করেন। মামুনের মা–বাবার এ কাজগুলো পারিবারিক কাজের অন্তর্ভুক্ত। মানুষ পরিবারে বাস করে। পরিবারে একত্রে বাস করতে গেলে নানা ধরনের কাজ করার দরকার হয়। যে কাজগুলো পরিবারের সদস্যদের সকলের ৰেত্রে প্রযোজ্য বা সকলের সাথে সংশিরষ্ট, সেগুলোকে পারিবারিক কাজ বলে। যেমন : বাজার করা, রান্না করা, খাবার টেবিল গোছানো, ঘরদোর পরিচ্ছন্ন রাখা, গবাদি পশুপাখি পালন করা, বাসার বিভিন্ন বিল পরিশোধ করা ইত্যাদি।

**ঘ** সাধারণত মা–বাবা বা পরিবারের বড়রাই পরিবারের কাজগুলো করে থাকেন। তবে বয়স, কাজের ৰমতা অনুযায়ী পরিবারের সব সদস্যই কোনো না কোনো কাজ করে থাকেন। মামুন যেহেতু পরিবারের একজন সদস্য সেহেতু সেও পরিবারের বিভিন্ন কাজে বড়দের সহযোগিতা করতে পারে। এতে পরিবারের সদস্যদের অনেক উপকার হবে। মামুন মাকে রান্না ও ঘরদোর গোছানোর কাজে সহযোগিতা করতে পারে। এতে তার মায়ের কাজের চাপ কিছুটা হলেও কমবে। এছাড়া সে তার বাবার সাথে বাজার করতে যেতে পারে। মাঠের কাজে, গবাদিপশু পালনে বাবাকে সাহায্য করতে পারে। ছোট ভাইবোনদের খেয়াল রাখাসহ আরও নানা কাজে মামুন বড়দের সাহায্য করতে পারে। এর ফলে পরিবারের সদস্যদের উপকার হবে। কাজের জন্য বাইরের লোকের ওপর নির্ভর করতে হবে না।

**প্রশ্ন– ৪** প্রাত্যহিক জীবনের সব কাজই কি পরিবারের সদস্যরা করেন?

মোতালেব মিয়া স্কুলের দারোয়ান। সে অত্যন্ত নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে। পাশাপাশি সে কৃষিকাজ ও হাঁস–মুরগির খামারও করছে। এতে সে আর্থিকভাবে লাভবান হয়েছে। অন্যদিকে তার স্ত্রী সকিনা বেগম ঘরের দায়িত্ব পালন করে ছেলেমেয়েদের স্কুলে নিয়ে যায়, রান্না করে বৃদ্ধ শ্বশুর–শাশুড়ির সেবা করে। পাশাপাশি সে স্কুলে ঝাড়ুদারের কাজ করে।

ক. কায়িক শ্রম কী? ১
খ. পারিবারিক আয়ের উৎস বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের সকিনার ঝাড়ুদারের কাজটি পারিবারিক কাজের বাইরের কাজ– বর্ণনা কর। ৩
ঘ. ‘চাকরির পাশাপাশি আয়ের অনেক উৎস রয়েছে’– উক্তিটি সম্পর্কে তোমার মতামত ব্যক্ত কর। ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

**ক** যে কাজ করতে মানুষকে শরীরের ঘাম ঝরাতে হয় এবং শক্তি প্রয়োগ করতে হয় তাকে কায়িক শ্রম বলে।

**খ** প্রাত্যহিক জীবনে যেসব কাজ পরিবারে বা পরিবারের বাইরে করা হয় এবং যার মাধ্যমে অর্থ উপার্জন হয় তাকে পারিবারিক আয় বলে। যেমন : চাকরি করা, পশু পালন করা ইত্যাদি।

**গ** উদ্দীপকের সকিনার কাজটি অর্থাৎ সংসার চালানোর পাশাপাশি স্কুলে ঝাড়ুদারের কাজটি পারিবারিক কাজের বাইরের কাজ। যে কাজগুলো পরিবারের সদস্যদের সকলের ক্ষেত্রে প্রযোজ্য বা সকলের সাথে সংশ্লিষ্ট, সেগুলোকে পারিবারিক কাজ বলা হয়। পরিবারের বাইরে

কিছু কাজ থাকে। যেমন : চাকরি করা, ব্যবসা করা, মাঠে কাজ করা প্রভৃতি। সকিনাও পরিবারের বাইরে কাজ করে। সে সংসার সামলানোর পাশাপাশি স্কুলে ঝাড়ুদারের কাজ করে। সুতরাং বলা যায়, উদ্দীপকের সকিনার কাজটি পারিবারিক কাজের বাইরের কাজ।

**ঘ** চাকরি পারিবারিক আয়ের একটি উৎস। এই উৎসের আয় নির্দিষ্ট। তাই ধান চাষ, সবজি চাষ, মাছের চাষ, হাঁস-মুরগির খামার তৈরি, বৃক্ষরোপণ, ব্যবসা প্রভৃতি করে চাকরির পাশাপাশি আয় করা যায়। আর্থিকভাবে সচ্ছল থাকার জন্য চাকরির পাশাপাশি আরও উপার্জন করা জরুরি হয়ে পড়ে। যেমনটি আমরা মোতালেব মিয়ার ক্ষেত্রে লক্ষ করি। মোতালেব মিয়া স্কুলের দারোয়ান। সে অত্যন্ত নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে। এসব কাজের পাশাপাশি সে কৃষিকাজ ও হাঁস-মুরগির খামার করেছে। তার আয়ের প্রায় অর্ধেক অংশই আসে কৃষি ও হাঁস-মুরগির খামার থেকে।
উপর্যুক্ত আলোচনার প্রেক্ষিতে বলা যায় যে, চাকরির পাশাপাশি আয়ের আরও অনেক উৎস রয়েছে– উক্তিটি যথার্থ।

**প্রশ্ন– ৫** ▶▶ নিজের কাজ নিজেই করব

লাবিব একজন আত্মবিশ্বাসী ছেলে। সে নিজের সব কাজ নিজে করে। নিয়মিত স্কুলে যায় এবং প্রতিদিনের পড়া প্রতিদিন শেষ করে। তাই পরীৰায় সে সব সময় ভালো ফলাফল করে। স্কুলের শিৰকরা তাকে খুব ভালোবাসে। লাবিব তার সহপাঠীদের বলে, "নিজের কাজ নিজে করলে জীবনে সফলতা অর্জন করা যায়।"

ক. পারিবারিক কাজ কাকে বলে? ১
খ. কীভাবে কাজের চাপ কমানো যায়? ২
গ. লাবিবকে কী কারণে সফল ছেলে বলা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. লাবিবের মন্তব্যের সাথে তুমি কি একমত? তোমার উত্তর বিশেৰষণ কর। ৪

**৫ নং প্রশ্নের উত্তর**

**ক** যে কাজগুলো পরিবারের সদস্যদের সকলের ৰেত্রে প্রযোজ্য বা সকলের সাথে সংশিৰষ্ট সেগুলোকে পারিবারিক কাজ বলে।

**খ** নিজের কাজ নিজে করে কাজের চাপ কমানো যায়। নিজের কাজ নিজে করলে অন্য কারো ওপর সেই কাজের চাপ তৈরি হয় না। আমরা যদি নিজের কাজ নিজে করি তাহলে পরিবারের অন্য সদস্য যারা আমাদের কাজ করে দেন যেমন বাবা ও মায়ের উপর কাজের চাপ পড়ে না।

**গ** লাবিব একজন আত্মবিশ্বাসী ছেলে। সে নিজের পড়া নিজে নিয়মিতভাবে তৈরি করে। নিজের কাজ নিজে করে, কখনো নিজের কাজ অন্যের জন্য ফেলে রাখে না। সময়মতো নিজের কাজ নিজে করার জন্য কখনো তার ওপর কাজের চাপ তৈরি হয় না। ফলে যেকোনো কাজ সে সহজে সময় নিয়ে সুন্দরভাবে তৈরি করতে পারে। শ্রেণির পড়া নিয়মিত তৈরি করার ফলে শিৰকগণ তাকে পছন্দও করেন। এতে তার ভিতরে আত্মবিশ্বাস জন্ম নেয়। আর আত্মবিশ্বাস থাকলে যেকোনো কাজেই সফল হওয়া যায়। তাই লাবিবকে একজন সফল ছেলে বলা যায়।

**ঘ** লাবিবের মন্তব্যের সাথে আমি একমত। কারণ লাবিব মনে করে নিজের কাজ নিজে করলে সফলতা অর্জন করা যায়। আসলেই তাই। যারা নিজের কাজ নিজে করে তারা জীবনে সফলতা অর্জন করতে পারে। পৃথিবী বিখ্যাত মানুষেরা নিজের কাজ নিজে করতেন যা আমাদের জন্য অনুকরণীয়। নিজের কাজ নিজে করলে কাজটি আন্তরিকতার সাথে সফলভাবে করা যায়। যার যার কাজটি সে নিজেই সর্বোচ্চ ভালোভাবে করতে পারবে, অন্য কেউ করতে চাইলে সে ঠিকমতো কাজটি নাও করতে পারে। নিজের কাজ নিজে করার ফলে কাজটি ধাপে ধাপে করা যেতে পারে। কোন ধাপের পরে কোন ধাপের কাজ করতে হবে সেটিও পরিকল্পনামাফিক করা যাবে। ফলে কাজ দ্রুততার সাথে সম্পাদিত হবে এবং সফলতা অর্জন করা সম্ভব হবে। তাই লাবিবের মন্তব্যটি সঠিক।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৬** ▶▶ প্রাত্যহিক জীবনের সব কাজই কি পরিবারের সদস্যরা করেন?

রনির বাবা কৃষিকাজ করেন এবং মা বাড়িতে সেলাইয়ের কাজ করেন। এছাড়া তার মা রান্নাসহ ঘরের নানা কাজ করেন।

ক. কোন যুগে আত্মীয়তার ধারণা ছিল না? ১
খ. স্বাস্থ্য ঠিক রাখার জন্য নিজের কাজ নিজে করা উচিত– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কৃষি ও সেলাইয়ের কাজ পরিবারের কোন বিষয়টিকে ইঙ্গিত করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. রনির মায়ের অন্যান্য কাজ প্রাত্যহিক জীবনের যে কাজকে নির্দেশ করছে তার বর্ণনা দাও। ৪

**৬ নং প্রশ্নের উত্তর**

**ক** আদিম যুগে আত্মীয়তার ধারণা ছিল না।

**খ** নিজের কাজ নিজে করলে শরীর ও মন ভালো থাকে। মানুষ যত কাজ করে মানুষের শরীর তত ভালো থাকে। কাজ করলে শরীরের ব্যায়াম হয়। এর ফলে শরীর ভালো থাকে। আর শরীর ভালো থাকলে মনও ভালো থাকে।

***X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–***

**গ** পরিবারের আয়ের উৎস ব্যাখ্যা কর।

**ঘ** প্রাত্যহিক জীবনে পারিবারিক কাজের বর্ণনা দাও।

**প্রশ্ন– ৭** ▶▶ নিজের কাজ নিজেই করব

মনির প্রতিদিন স্কুল থেকে ফিরে নিজের কাপড়চোপড়, বই-খাতা, জুতা-মোজা গুছিয়ে রাখে। পৰান্তরে তার ছোট ভাই শহিদ সবকিছু অগোছালোভাবে রেখে দেয় এবং নিজের কাপড় বাড়ির চাকরকে দিয়ে ধুইয়ে নেয়।

ক. কী করলে শরীরের ব্যায়াম হয়? ১
খ. নিজের কাজ নিজে করলে কীভাবে লাভবান হওয়া যায়? ২
গ. উদ্দীপকে মনির তার কাজের জন্য যেসব সুবিধা পেয়ে থাকে বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে উলিৰখিত কাজের জন্য শহিদকে অনেক সমস্যার সম্মুখীন হতে হবে– বিশেৰষণ কর। ৪

**৭ নং প্রশ্নের উত্তর**

**ক** কাজ করলে শরীরের ব্যায়াম হয়।

**খ** অন্যকে দিয়ে কাজ করালে তাকে কাজের বিনিময়ে টাকা বা অন্যান্য জিনিস দিতে হয়। বাহিরে কাজ করতে গেলে যাতায়াতের খরচও দিতে হয়। যদি কাজগুলো নিজেই করা যায় তাহলে ঐ অর্থ বেঁচে যাবে। ফলে আর্থিকভাবে লাভবান হওয়া যায়।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** নিজের কাজ নিজে করার সুফল ব্যাখ্যা কর।

**ঘ** নিজের কাজ নিজে না করালে কী কী সমস্যার সম্মুখীন হতে হয়? বিশেৰষণ কর।

**প্রশ্ন– ৮** ▸▸ প্রাত্যহিক জীবনের সব কাজই কি পরিবারের সদস্যরা করেন

আকাশের বাবা একজন স্কুল শিৰক। তার মা পরিবারের বিভিন্ন প্রয়োজনীয় জিনিস কেনার জন্য বাবার কাছ থেকে টাকা নেন। আকাশের মা গৃহস্থালির নানান ধরনের কাজ করলেও কিছু কাজের জন্য তাকে বাইরের লোকের ওপর নির্ভর করতে হয়।

ক. কোনটি আমাদের শরীর ও মন ভালো রাখে? ১

খ. অন্যকে দিয়ে কাজ করালে ভুলের আশঙ্কা থাকে কেন? ২

গ. উদ্দীপকে আকাশের মা কীভাবে পরিবারের আয়ের উৎস হতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের শেষোক্ত বাক্যটি পাঠ্যবইয়ের আলোকে বিশেৰষণ কর। ৪

**৮ নং প্রশ্নের উত্তর**

**ক** কাজ আমাদের শরীর ও মন ভালো রাখে।

**খ** নিজের কাজ অন্যকে দিয়ে করালে সে কাজে অনেক ভুল হওয়ার আশঙ্কা থাকে। কারণ অন্য কেউ কাজটির প্রয়োজন ভালোভাবে বুঝবে না এবং সে নিজের মতো করে কাজটি করবে। ফলে কাজটি যেভাবে চাওয়া হয়েছিল কাজটি সেভাবে নাও হতে পারে।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** পরিবারে আয়ের উৎস ব্যাখ্যা কর।

**ঘ** প্রাত্যহিক জীবনে পরিবারের বাইরে অন্যদের সহায়তা বিশেৰষণ কর।

# নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

## ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ কোন কাজগুলোকে আমরা প্রাত্যহিক জীবনে নিজের কাজ বলে অভিহিত করি?**

**উত্তর :** প্রতিদিন আমরা নিজের প্রয়োজনে নিজে বা অন্যের সহায়তায় যে কাজগুলো করে থাকি, সেগুলোকে প্রাত্যহিক জীবনে নিজের কাজ বলে অভিহিত করি।

**প্রশ্ন ॥ ২ ॥ নিজের কাজ নিজে করার সুবিধা কী?**

**উত্তর :** নিজের কাজ নিজে করলে আত্মবিশ্বাস, আগ্রহ ও উদ্দীপনা বাড়ে।

**প্রশ্ন ॥ ৩ ॥ সম্রাট আওরঙ্গজেব কেমন শাসক ছিলেন?**

**উত্তর :** সম্রাট আওরঙ্গজেব উদার মানসিকতা, প্রজার প্রতি অনুরাগ ও ন্যায়বিচারের জন্য বিখ্যাত ছিলেন।

**প্রশ্ন ॥ ৪ ॥ কাজের সফলতা কীসের ওপর নির্ভর করে?**

**উত্তর :** নিয়ম মেনে মনোযোগের সাথে সুষ্ঠুভাবে কাজ করার ওপর কাজের সফলতা নির্ভর করে।

**প্রশ্ন ॥ ৫ ॥ পরিবারে অক্ষম কারা?**

**উত্তর :** পরিবারে যারা বৃদ্ধ, বয়সে ছোট এবং প্রতিবন্ধী– তারাই অক্ষম।

**প্রশ্ন ॥ ৫ ॥ কোন কোন কাজগুলো আমরা পরিবারের বাইরের লোকদের দ্বারা সম্পাদন করি?**

**উত্তর :** পথঘাট পরিষ্কার করা, বাসা রং করা, বৈদ্যুতিক পাখা–ফ্রিজ–টেলিভিশন ইত্যাদি নষ্ট হলে মেরামত করা প্রভৃতি কাজ আমরা বাইরের লোক দ্বারা সম্পাদন করে থাকি।

**প্রশ্ন ॥ ৬ ॥ একজন মালীর কাজ কী?**

**উত্তর :** বাগান দেখাশোনা করা ও গাছে পানি দেওয়া মালীর কাজ।

**পশ্ন ॥ ৭ ॥ একজন দফতরির কাজ কী?**

**উত্তর :** বিদ্যালয়ের কার্যক্রম শুরু হলে ক্লাস শুরু থেকে শেষ পর্যন্ত নির্দিষ্ট সময় অন্তর ঘণ্টা বাজানো একজন দফতরির কাজ।

## ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ প্রাত্যহিক জীবনে তুমি কী কী কাজ কর– উল্লেখ কর।**

**উত্তর :** প্রথমে ঘুম থেকে উঠে বিছানা গোছানো; তারপর দাঁত ব্রাশ করা ও হাতমুখ ধোয়া; নাস্তা খাওয়া; স্কুলের পড়া প্রস্তুত করা; গোসল করে পরিপাটি হওয়া; স্কুলে যাওয়া; স্কুল থেকে এসে খাওয়া; বিকালে খেলাধুলা করা; রাত্রে পড়তে বসা; তারপর খাওয়া এবং ঘুম।

**প্রশ্ন ॥ ২ ॥ নিজের কাজ নিজে করার সুবিধাগুলো লেখ।**

**উত্তর :** নিজের কাজ নিজে করার সুবিধাগুলো হলো :

১. কাজের চাপ তৈরি হয় না;
২. স্বাস্থ্য ভালো থাকে;
৩. দক্ষতা বাড়ে ও অন্য কাজের জন্য তৈরি হওয়া যায়;
৪. সঠিক উপায়ে কাজ করা যায়;
৫. আত্মবিশ্বাস, আগ্রহ ও উদ্দীপনা বৃদ্ধি পায়;
৬. তৃপ্তি পাওয়া যায়।

**প্রশ্ন ॥ ৩ ॥ পারিবারিক কাজ বলতে কী বোঝায়।**

**উত্তর :** যে কাজগুলো পরিবারের সদস্যদের সকলের ক্ষেত্রে প্রযোজ্য বা সকলের সাথে সংশ্লিষ্ট সেগুলোকে পারিবারিক কাজ বলে। যেমন : বাজার করা, রান্না করা, খাবার টেবিল গোছানো, ঘরদোর পরিচ্ছন্ন রাখা, গবাদি পশুপাখি পালন করা, বাসার বিভিন্ন বিল পরিশোধ করা, মাঠে কাজ করা ইত্যাদি।

**প্রশ্ন ॥ ৪ ॥ 'বড়দের পরামর্শ নিয়ে কাজ করলে ভুল কম হয়'– ব্যাখ্যা কর।**

**উত্তর :** কোনো কাজ করার উপায় জানতে বা কোন কাজটি ঠিক সেটা জানতে আমাদের বড়দের পরামর্শ মেনে চলতে হবে। কোনো কাজ করার সঠিক ও সহজ উপায় জানার জন্য সবচেয়ে বড় মাধ্যম হচ্ছে অভিজ্ঞ কারো সাহায্য নেওয়া। কেননা বড়দের অভিজ্ঞতা আমাদের চেয়ে অনেক বেশি। তাই বড়দের সাহায্য নিয়ে কাজ করলে ভুল হওয়ার সম্ভাবনা কম থাকে।

**প্রশ্ন ॥ ৫ ॥ পড়াশোনার পাশাপাশি তুমি কীভাবে পরিবারের আয়ে ভূমিকা রাখতে পার?**

**উত্তর :** পড়াশোনার পাশাপাশি অবসর সময়ে আমি পরিবারের বড়দেরকে মাঠের কাজে, গবাদি পশু পালনে, চাষাবাদ ও ব্যবসায় সহযোগিতা

করতে পারি। এসবের মাধ্যমে পরিবারের যে আয় হবে তাতে আমারও | অবদান থাকবে।